গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৪৮.০০.০০০০.০০৬.০২০.৩৪.০০৩.২০২০.৭২** ।--- Rules of Business, 1996 এর Schedule-1 (Allocation of Business among the Different Ministries and Divisions) এর Serial No. 41 এর এন্ট্রি নং 6 এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১ নং আইন) এর ধারা ৩ এর উপধারা (১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মহান মুক্তিযুদ্ধে অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ বীর মুক্তিযোদ্ধাকে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৩ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ এর প্রজ্ঞাপন নং ৪৮.০০.০০০০.০০৬. ০২০.৩৪.০০৩.২০২০.১৮ রহিতকরত, নিম্নোক্ত ছকে উল্লিখিত হারে ও শর্তে সম্মানি ভাতা ও অন্যান্য উৎসব ভাতাদি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিল:

**ক। খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা ও অন্যান্য (টাকায়):**

| ক্রমিক নং | শ্রেণি | মাসিক মূল ভাতা | উৎসব ভাতা (২টি) | মহান বিজয় দিবস ভাতা (শুধু জীবিত মুক্তিযোদ্ধার জন্য) | বাংলা নববর্ষ ভাতা |
|---|---|---|---|---|---|
| ১। | বীরশ্রেষ্ঠ | - | - | - | - |
| ২। | বীর উত্তম | ৩০,০০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| ৩। | বীর বিক্রম | ২৫,০০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| ৪। | বীর প্রতীক | ২৫,০০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |

**খ। যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবার এবং শহিদ বীরশ্রেষ্ঠ পরিবারের সম্মানি ভাতা ও অন্যান্য (টাকায়):**

| ক্রমিক নং | মুক্তিযোদ্ধা/শহিদ পরিবার এর বিবরণ | পঙ্গুত্বের ধরন ও হার | মাসিক ভাতা ও অন্যান্য | | | উৎসব ভাতা (২টি) | মহান বিজয় দিবস ভাতা (শুধু জীবিত মুক্তিযোদ্ধার জন্য) | বাংলা নববর্ষ ভাতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মূল ভাতা | চিকিৎসা ভাতা | খাদ্য ভাতা | | | |
| ১ | শহিদ বীরশ্রেষ্ঠ পরিবার | - | ৩৩,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ৩৩,০০০/- | ০ | ২,০০০/- |
| ২ | শহিদ মুক্তিযোদ্ধা পরিবার | - | ২৩,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৩,০০০/- | ০ | ২,০০০/- |
| ৩ | যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা | 'এ' শ্রেণি (৯৬-১০০%) | ৩০,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ৩০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| | | 'বি' শ্রেণি (৬১-৯৫%) | ২৮,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৮,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| | | 'সি' শ্রেণি (২০-৬০%) | ২৩,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৩,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| | | 'ডি' শ্রেণি (১-১৯%) | ২০,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |

০২। উপরোক্ত সারণীতে বর্ণিত 'এ' শ্রেণির যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা যতদিন জীবিত থাকবেন ততদিন উপরোক্ত আর্থিক সুবিধার অতিরিক্ত সাহায্যকারী ভাতা হিসেবে মাসিক ৮,০০০/- টাকা প্রাপ্য হইবেন। উক্ত 'এ' শ্রেণির যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার মৃত্যুর পর তাঁর পরবর্তী সুবিধাভোগী এই আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না।

০৩। বীরশ্রেষ্ঠ পরিবারগণ শহিদ বীরশ্রেষ্ঠ পরিবার হিসেবে আর্থিক সুবিধাদি প্রাপ্য হইবেন।

০৪। ইহা ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ থেকে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৫.৭.২০২৬
ডা. মুঃ আসাদুজ্জামান
উপসচিব

**বিতরণঃ**

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বর্ণিত তালিকার প্রজ্ঞাপনটি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ ৫০ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল, ঢাকা।

২. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা।

৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৫. উপসচিব (আইসিটি শাখা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬. উপসচিব (কল্যাণ-২ শাখা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৭. সচিব-এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. অফিস কপি।

১৫.৭.২০২৬
ডা.মুঃ আসাদুজ্জামান
উপসচিব